# নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১ : ২২

## আরবি মূল আয়াত:

وَ مَكَرُوا مَكرًا كُبَّارًا ﴿٢٢﴾

## অনুবাদসমূহ:

‘আর তারা ভয়ানক ষড়যন্ত্র করেছে’। — আল-বায়ান

আর তারা ষড়যন্ত্র করেছিল সাংঘাতিক ষড়যন্ত্র। — তাইসিরুল

তারা ভয়ানক ষড়যন্ত্র করেছিল। — মুজিবুর রহমান

And they conspired an immense conspiracy. — Sahih International

### ২২. আর তারা ভয়ানক ষড়যন্ত্র করেছে(১);

(১) ষড়যন্ত্রের অর্থ হলো জাতির লোকদের সাথে নেতাদের ধোঁকাবাজি ও প্রতারণা। নেতারা জাতির লোকদের নূহ আলাইহিস সালামের শিক্ষার বিরুদ্ধে বিভ্রান্ত ও প্রতারিত করার চেষ্টা করতো। যেমন, তারা বলতো “তোমরা কি আশ্চর্য হচ্ছো যে, তোমাদের মতই একজন মানুষের নিকট তোমাদের রবের কাছ থেকে বাণী এসেছে?” [সূরা আল-আ'রাফ: ৬৩] “আমাদের নিম্ন শ্রেণীর লোকেরা না বুঝে শুনে নূহের আনুগত্য করছে। তার কথা যদি সত্যিই মূল্যবান হতো তাহলে জাতির নেতা ও জ্ঞানী-গুণী ব্যক্তিবর্গ তার প্রতি বিশ্বাস পোষণ করতো।” [হূদ-২৭] “আল্লাহ যদি পাঠাতেই চাইতেন তাহলে কোন ফেরেশতা পাঠাতেন।” [সূরা আল-মু'মিনুনঃ ২৪] এ ব্যক্তি যদি আল্লাহর প্রেরিত রাসূল হতেন, তাহলে তার কাছে সবকিছুর ভাণ্ডার থাকতো, তিনি অদৃশ্য বিষয় সম্পর্কে জানতেন এবং ফেরেশতাদের মত সব রকম মানবীয় প্রয়োজন ও অভাব থেকে মুক্ত হতেন। [সূরা হূদঃ ৩১] নূহ এবং তার অনুসারীদের এমন কি অলৌকিকত্ব আছে যার জন্য তাদের মর্যাদা ও শ্রেষ্ঠত্ব স্বীকার করে নিতে হবে? এ ব্যক্তি আসলে তোমাদের মধ্যে তার নেতৃত্ব প্রতিষ্ঠিত করতে চায়। [সূরা আল-মুমিনুন: ২৫] প্রায় এ রকম কথা বলেই কুরাইশ নেতারা লোকদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরুদ্ধে বিভ্রান্ত করতো।

তাফসীরে জাকারিয়া

### (২২) আর তারা বড় রকমের ষড়যন্ত্র করেছে। [1]

[1] এই ষড়যন্ত্র কি ছিল? কেউ কেউ বলেন, (ষড়যন্ত্র হল) তাদের কিছু লোককে নূহ (আঃ)-কে হত্যা করার ব্যাপারে প্ররোচিত করা। কেউ কেউ বলেন, মাল-ধন ও সন্তান-সন্ততির কারণে তাদের আত্মবঞ্চনার শিকার হওয়া। এমন কি কেউ কেউ বলল যে, যদি তারা হকপন্থী না হত, তাহলে তারা এই নিয়ামত কিভাবে পেত?

আবার কারো নিকট (ষড়যন্ত্র বলতে,) তাদের বড়দের এ কথা বলা যে, তোমরা নিজেদের উপাস্যের উপাসনা ত্যাগ করবে না। পক্ষান্তরে অনেকের নিকট তাদের কুফরীই ছিল বড় ষড়যন্ত্র।

তাফসীরে আহসানুল বায়ান

---

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন